

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬

তারিখ: ২৩ কার্তিক ১৪২৪
০৭ নভেম্বর ২০১৭


স্মারক নং-৩৮.০১.০০০০.১৪৪.২৭.০০৭.০৮- ১৫৫ (১২১০)

বিষয় : প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাদের স্বাক্ষর স্ক্যান করে জালিয়াতির মাধ্যমে ভুয়া নিয়োগপত্র তৈরি সম্পর্কিত ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, এক শ্রেণির প্রত্যেক চক্র প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাদের স্বাক্ষর স্ক্যান করে জালিয়াতির মাধ্যমে চাকরি দেয়ার নামে ভুয়া নিয়োগপত্র তৈরি করে বিভিন্ন ব্যক্তির নিকট থেকে প্রচুর পরিমাণ অর্থ হাতিয়ে নিচ্ছেন মর্মে অভিযোগ পাওয়া যায়। এতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ভাবমূর্তি দারুণভাবে ক্ষুণ্ণ হচ্ছে।

২। এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য মিরপুর মডেল থানা, ঢাকায় ইতোমধ্যে সাধারণ ডায়েরী করা হয়েছে। ডায়েরী নং-৩০৪, তারিখ-০৫/১১/২০১৭।

৩। এমতবস্থায়, তার আওতাধীন কুম্ এলাকায় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে সচেতন করাসহ এ ধরনের কোন প্রত্যেক চক্রের কার্যক্রম গোচরীভূত হলে তাৎক্ষণিকভাবে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০৭/১১/১৭

(মো: মাহবুবুর রহমান বিল্লাহ)

উপপরিচালক(পলিসি ও অপারেশন)

ফোনঃ ৫৫০৭৪৯১৮

Email-dpeadbidda@gmail.com

বিভাগীয় উপপরিচালক

প্রাথমিক শিক্ষা

ঢাকা/চট্টগ্রাম/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/রাজশাহী বিভাগ

অনুলিপি

১। জেলা প্রশাসক (সকল), জেলা ----- *

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা -----

৩। সুপারিন্টেনডেন্ট (সকল) ----- পিটিআই

✓ ৪। শিক্ষা অফিসার, তত্ত্বাবধান ও সমন্বয় সেল, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিত করণের অনুরোধসহ)

৫। উপজেলা শিক্ষা অফিসার (সকল), উপজেলা ----- জেলা -----।

৬। ইন্সট্রাক্টর (সকল) উপজেলা/থানা রিসোর্স সেন্টার, উপজেলা----- জেলা-----।

৭। সংরক্ষণ নথি।